গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ প্রশিক্ষণ শাখা

www.mof.gov.bd

১৯ ভাদ্র ১৪৩১ বঞ্চাব্দ তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সারিক নম্বর: ০৭.০০.০০০০.১৯০.২৫.০১৩.২৪.৩৫৬

বিষয়: ৩৪তম Budget Management Specialist (BMS) শীর্ষক প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: আইপিএফ এর স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০২.২৫.০০৩.২৩.২০৪; তারিখ: ২৯/০৮/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতাধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) কর্তৃক আয়োজিত ৩৪তম 'Budget Management Specialist (BMS)' শীর্ষক প্রশিক্ষণ আগামী অক্টোবর, ২০২৪ মাসের তৃতীয় সপ্তাহ হতে শুরু হবে।

০২। কোর্স সংক্রান্ত তথ্য নিমুরুপঃ

- (ক) প্রশিক্ষণের মেয়াদ ২০ দিন।
- (খ) মোট ২৫ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে।
- (গ) উক্ত কোর্সের মূল্যায়ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ০৭(সাত) জন প্রশিক্ষণার্থীকে স্বল্প মেয়াদে বিদেশে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা
- (ঘ) এ কোর্সটি অনাবাসিক এবং অংশগ্রহণের জন্য কোন ফি প্রদান করতে হবে না। কোর্স সংক্রান্ত যেকোন তথ্যের জন্য জনাব মোঃ আকরাম আলী, উপ-পরিচালক (উপসচিব), আইপিএফ এর সাথে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে (মোবাইল-০১৭২২২১২৪৮২)।

০৩। **আবেদনের শর্তসমূহঃ**

- (ক) সহকারী সচিব/ সিনিয়র সহকারী সচিব/ উপসচিব অথবা সমপর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ, বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীতে কর্মরত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।
- (খ) ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা FEEM বা BMS কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদেরকে আবেদন করতে নিরুৎসাহিত করা হলো।
- (গ) বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অগ্রাধিকার দেয়া হবে।
- (ঘ) যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।
- (ঙ) মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন।
- ০৪। <u>আগ্রহী কর্মকর্তাকে আগামী ২৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে</u> যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃ:আ: উপসচিব, প্রশিক্ষণ শাখা], বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি অথবা ই-মেইলে (trainingsection.fd2@gmail.com) নির্ধারিত ফরমে আবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের নির্ধারিত ফরম, বিজ্ঞপ্তির কপি অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।

সংযুক্তি: আবেদন ফরম।

০৩-০৯-২০২৪ ইশরাত জাবিন উপস্কৃতির

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা;
- ৩। সিনিয়র সচিব/সচিব (সকল);
- ৪। মহাপরিচালক (প্রশাসন), মহাপরিচালক ৪, প্রধান উপদেষ্টার কার্যালয়;
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা;
- ৬। বিভাগীয় কমিশনার (সকল) এবং
- ৭। জেলা প্রশাসক (সকল)।

সারিক নম্বর: ০৭.০০.০০০০.১৯০.২৫.০১৩.২৪.৩৫৬/১(৮)

১৯ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, সেগুনবাগিচা, ঢাকা, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা;
- ২। অতিরিক্ত সচিব, প্রশাসন ও টিডিএম, অর্থ বিভাগ;
- ৩। অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ;
- ৪। যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, অর্থ বিভাগ;
- ৫। উপ-পরিচালক (উপসচিব), সেগুনবাগিচা, ঢাকা, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা;
- ৬। একান্ত সচিব (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
- ৭। সিনিয্র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ।



০৩-০৯-২০২৪ ইশরাত জাবিন

উপসচিব

সকল সংযুক্তিসমূহ:

(১) আবেদন ফরম